



সচিবালয়ে অনুষ্ঠিত হলো বিএনপি সরকারের প্রথম মন্ত্রিসভা বৈঠক



সংগৃহীত ছবি

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৮ ফেব্রুয়ারি) দুপুরে সচিবালয়ে এই বৈঠকে সরকারের সকল নতুন সদস্য উপস্থিত ছিলেন। বৈঠকে বিভিন্ন বিভাগের নীতি ও প্রাথমিক কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ ভোটে জয়ী হয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সরকার গঠন করেছে। নতুন মন্ত্রিসভায় মোট ২৫ জন মন্ত্রী এবং ২৪ জন প্রতিমন্ত্রী রয়েছেন। এছাড়া তিনজন টেকনোক্রেট সদস্যকেও মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) মন্ত্রিপরিষদ বিভাগ তাদের দায়িত্ব বণ্টনের প্রজ্ঞাপন জারি করেছে। প্রজ্ঞাপনে দেখা গেছে, প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমান মন্ত্রিপরিষদ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনী বিভাগের দায়িত্বও পাশাপাশি পরিচালনা করবেন।

LENS ASIA